



একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.২৯.০০১.১৭-১৬৫

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৭
১৮ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : কর্মশালায় অংশগ্রহণের অনুমতি প্রদান।


সূত্র : বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্পের স্মারক নং-৪১, তারিখ: ১৪/০২/২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউএনডিপি বাংলাদেশ, ইউরোপিয়ান ইউনিয়ন ও বাংলাদেশ সরকার-এর আর্থিক ও কারিগরি সহায়তায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক “বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি দেশের ৩০টি জেলার ১৫৪টি উপজেলার ১২০০টি ইউনিয়নে (সমভূমি এলাকায় ২৭টি জেলার ১২৮টি উপজেলার ১০৭৯টি ইউনিয়ন এবং পার্বত্য চট্টগ্রাম এলাকায় ৩টি জেলার ২৬টি উপজেলার ১২১টি ইউনিয়ন) বাস্তবায়িত হচ্ছে। উক্ত প্রকল্প কর্তৃক আগামী ০৪ মার্চ ২০২১ তারিখে দিনব্যাপি “প্রজেক্ট রিফ্লেকশন (স্থায়ীকরণ, শিখন এবং ভবিষ্যত করণীয়) শীর্ষক কর্মশালা” হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ঢাকায় অনুষ্ঠিত হবে। বর্ণিত কর্মশালায় অংশগ্রহণের জন্য প্রকল্পভূক্ত ১২৮টি উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণকে মনোনয়ন প্রদান করা হয়েছে (তালিকা সংযুক্ত)।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের ১২ মার্চ ২০১২ তারিখের ২১৭নং পরিপত্র অনুযায়ী ঢাকায় আয়োজিত কোন সভায় জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণের আবশ্যিকতা থাকলে মন্ত্রিপরিষদ বিভাগের পূর্বসম্মতি প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, আগামী ০৪ মার্চ ২০২১ তারিখে হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ঢাকায় অনুষ্ঠিতব্য দিনব্যাপি “প্রজেক্ট রিফ্লেকশন (স্থায়ীকরণ, শিখন এবং ভবিষ্যত করণীয়) শীর্ষক কর্মশালায়” প্রকল্পভূক্ত ১২৮টি উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণের অনুমতি প্রদানের জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।



(মো: আকবর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০
up2lgd@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: উপসচিব, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা]

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। জাতীয় প্রকল্প পরিচালক, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প (২য় পর্যায়) ও অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক-----জেলা।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার-----উপজেলা-----জেলা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। প্রজেক্ট ম্যানেজার, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প, আইডিবি ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। অফিস কপি।